

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৯১(আগরতলা ২৪।০৫)

আগরতলা, ২৪ মে, ২০২৪

পদ্মবিল ব্লকে রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রম

রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমে সম্প্রতি খোয়াই জেলার পদ্মবিল ব্লকের বিভিন্ন অঙ্গনওয়াড়ি কেন্দ্রের শিশুদের স্বাস্থ্য পরীক্ষা ও স্ক্রীনিং করা হয়। এই কর্মসূচিতে বরকেরবাড়ি, বাঁশবাড়ি, মনাইছড়া ও কৃষ্ণভক্ত পাড়া অঙ্গনওয়াড়ি কেন্দ্রে ৪৩ জন শিশুর স্বাস্থ্য পরীক্ষা করা হয়। স্বাস্থ্য পরীক্ষার পর শিশুদের বিনামূল্যে প্রয়োজনীয় ওষুধ দেওয়া হয়। রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমে এই কর্মসূচিতে অংশ নেন ডা. অঞ্জিতা দেববর্মা ও ডা. অরুণ শঙ্কর দেববর্মা। এই কর্মসূচিতে সংশ্লিষ্ট অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলিতে চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীগণ শিশুদের নিয়মিত টিকাকরণ ও স্বাস্থ্য সচেতনতা বিষয়গুলি নিয়ে আলোচনা করেন। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তরের ভারপ্রাপ্ত অধিকর্তা এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।
